# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmpid@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৩৮)দুগ্ধ উৎপাদন/২০২০-২০২১/ ২৮৫৩ (১২৫৩) তারিখঃ ২৯.০৬.২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% সুদে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে রেয়াতী সুদে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট ৫% হারে ক্ষতিপূরন দাবীর প্রতিবেদন (০১.০৭.২০২০ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত) প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫% রেয়াতী হার সুদে ঋণ বিতরন সংক্রান্ত অত্র বিভাগের ৩০.০৯.২০১৫ ইং তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র-০২/২০১৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের অনুচ্ছেদ ১২তে বর্ণিত নির্দেশনার আলোকে বাংলাদেশ ব্যাংকের নিকট দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে বিতরনকৃত ঋণের ক্ষতিপূরন দাবী করার জন্য আলোচ্য খাতে বিতরনকৃত ঋণের মধ্যে যে সকল ঋণ হিসাবের টাকা নির্ধারিত সময়ের মধ্যে প্রচলিত নিয়মে সুদাসলে সম্পূর্ণ আদায়/ সমন্বয় হয়েছে এরূপ বন্ধ হিসাবগুলোর তথ্য সংযুক্ত ছকে মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয় হতে সংগ্রহপূর্বক অঞ্চল ভিত্তিক প্রতিবেদন একীভূত করে (দাবীতব্য হিসাবসমূহের ঋণ বিতরণের তারিখ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত ঋণ হিসাব বিবরণী ও প্রত্যয়ন পত্র সংযুক্ত করতঃ) আগামী ১০.০৭.২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে (সফট কপি ই-মেইল যোগে- dgmpid@krishibank.org.bd) প্রেরনের জন্য অনুরোধ করা হলো এবং হার্ড কপি ডাকযোগে প্রেরন করতে হবে।

০৩। উল্লেখ্য, যে সকল ঋণ হিসাব সুদসহ প্রচলিত নিয়মে আদায়ের মাধ্যমে ০১.০৭.২০২০ থেকে ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে বন্ধ করা হয়েছে কেবলমাত্র সে সকল ঋণ হিসাব ক্ষতিপূরন দাবীর তালিকায় আসবে এবং উক্ত হিসাবসমূহের উপর ৫% হারে ক্ষতিপূরন দাবী করতে হবে। **অনিয়মিত কিস্তি পরিশোধের কারনে যে সকল ঋণ হিসাবে ০১.১০.২০১৫ হতে ১০%, ০১.১১.২০১৮ তারিখে হতে ৯% এবং ২৯.০৭.২০২০ হতে ৮% হারে সুদারোপ করে বন্ধ করা হয়েছে উক্ত হিসাব সমূহের জন্য ক্ষতিপূরণ দাবী করা যাবে না।** ক্রেডিট বিভাগের ০৩.০৫.২০২১ তারিখের পত্র নং-২৪৮২ মূলে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে বিতরণকৃত ঋণের উপর নিম্নোক্তভাবে সুদারোপের নির্দেশনা রয়েছে।

| ক্রমিক নং | সময়কাল | সুদের হার |
|---|---|---|
| ০১ | ০১.১০.২০১৫ হতে ৩১.১০.২০১৮ | ৫% |
| ০২ | ০১.১১.২০১৮ হতে ২৮.০৭.২০২০ | ৪% |
| ০৩ | ২৯.০৭.২০২০ হতে অদ্যাবধি | ৩% |

০৪। এমতাবস্থায়, যথা নিয়মে আদায়/বন্ধ হওয়া কোন ঋণ কেইস যাতে ক্ষতিপূরণ দাবীর তালিকা থেকে বাদ না পড়ে সে বিষয়ে সর্তক থাকতে হবে। বন্ধ হিসাব সমূহ বাদ পড়লে পরবর্তীতে আর ক্ষতিপূরণ দাবী করা যাবে না। তাছাড়া ১০% কেইস বাংলাদেশ ব্যাংক সেম্পল ভিত্তিতে যাচাই করবে বিধায় প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে যাতে কোন প্রকার ভুল-ভ্রান্তি না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রেখে ক্ষতিপূরন বাবদ দাবীতব্য সুদের হিসাব সঠিকভাবে নিরুপনপূর্বক প্রতিবেদন প্রেরন করতে হবে। ক্ষতিপূরন প্রস্তাব প্রেরনে বিলম্ব হলে এবং ত্রুটিপূর্ণ প্রস্তাব প্রেরনের কারণে ব্যাংক কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হলে এর দায় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং অঞ্চলের আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের উপর বর্তাবে। প্রতিবেদন তৈরীতে কোন সংশয় সৃষ্টি হলে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী (মোবাইল নং- ০১৭১৭৯৪৩৭৩৬) এর সাথে তাৎক্ষনিক যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,
২৯/০৬ ২০২১
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তঃ বর্ণনামতে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে)।
০৫। অফিস কপি/মহানথি।

২৯/০৬/২০২১
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

F:\PCD Department\MILLK PRODUCTION\MILK\General Work.doc

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## বিভাগীয় কার্যালয়

...................... ।

বিষয়ঃ বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% সুদে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে রেয়াতী সুদে বিতরণকৃত ঋণের বিপরীতে ৫% হারে ক্ষতিপূরণ দাবীর প্রতিবেদন (০১.০৭.২০২০ হতে ৩০.০৬.২০২১ পর্যন্ত)।

(টাকায়)

| ক্রঃ নং | অঞ্চলের নাম | শাখার নাম | ঋণ গ্রহিতার নাম ও ঠিকানা | ঋণ বিতরনের | | ঋণের মেয়াদ কাল | ঋণ আদায়ের/ সমন্বয়ের নির্ধারিত তারিখ (Due Date) | ঋণ হিসাব আদায়/ সমন্বয়/ বন্ধের তারিখ | আদায়ের পরিমাণ | | | রেয়াতী সুদ আরোপের ফলে ০১.০৭.২০২০ থেকে ৩০.০৬.২০২১ তারিখ পর্যন্ত হিসাব বন্ধ/ সমন্বয়ের জন্য ক্ষতির পরিমাণ (৫%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | তারিখ | পরিমাণ | | | | আসল আদায় | সুদ আদায় | মোট আদায় (সুদসহ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |